গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

# প্রধান প্রকৌশলী, স্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর

এবং

# সচিব, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ
# স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় এর মধ্যে স্বাক্ষরিত

# বার্ষিক কর্মসম্পাদন চুক্তি

০১ জুলাই, ২০১৮-৩০ জুন, ২০১৯

# সূচিপত্র

উপক্রমনিকা: ............................................................................................................ ৩

কর্মসম্পাদনের সার্বিক চিত্র ........................................................................................ ৪

সেকশন-১: এইচইডি এর রূপকল্প (Vision), অভিলক্ষ্য (Mission), কৌশলগত উদ্দেশ্যসমূহ এবং কার্যাবলি ......... ৫

সেকশন-২: বিভিন্ন কার্যক্রমের চূড়ান্ত ফলাফল/ প্রভাব (Outcome/Impact) ................................. ৬

সেকশন-৩: কৌশলগত উদ্দেশ্য ভিত্তিক কার্যক্রম, কর্মসম্পাদন সূচক এবং লক্ষ্যমাত্রাসমূহ ......................... ৭

সংযোজনী-১: শব্দসংক্ষেপ (Acronyms) ....................................................................... ১৩

সংযোজনী-২: কর্মসম্পাদন সূচকসমূহ, বাস্তবায়নকারী কার্যালয়সমূহ এবং পরিমাপ পদ্ধতি ....................... ১৪

সংযোজনী-৩: কর্মসম্পাদন লক্ষ্যমাত্রা অর্জনের ক্ষেত্রে মাঠ পর্যায়ের অন্যান্য কার্যালয়ের নিকট সুনির্দিষ্ট চাহিদা............. ১৬

# উপক্রমণিকা (Preamble)

সরকারি দপ্তর/সংস্থাসমূহের প্রাতিষ্ঠানিক দক্ষতা বৃদ্ধি, স্বচ্ছতা ও জবাবদিহি জোরদার করা, সুশাসন সংহতকরণ এবং সম্পদের যথাযথ ব্যবহার নিশ্চিতকরণের মাধ্যমে রূপকল্প ২০২১ এর যথাযথ বাস্তবায়নের লক্ষ্যে -

প্রধান প্রকৌশলী, স্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর

এবং

সচিব, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার এর মধ্যে ২০১৮ সালের জুন মাসের ২০ তারিখে
এই বার্ষিক কর্মসম্পাদন চুক্তি স্বাক্ষরিত হল।

এই চুক্তিতে স্বাক্ষরকারী উভয়পক্ষ নিম্নলিখিত বিষয়সমূহে সম্মত হলেন:

## স্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তরের কর্মসম্পাদনের সার্বিক চিত্র
## (Overview of the Performance of the HED)

### সাম্প্রতিক অর্জন, চ্যালেঞ্জ এবং ভবিষ্যৎ পরিকল্পনা

**সাম্প্রতিক বছর সমূহের (৩ বছর) প্রধান অর্জনসমূহ:**

রিভাইটালাইজেশন অব কমিউনিটি হেলথ কেয়ার ইনিসিয়েটিভ ইন বাংলাদেশ (RCHCIB) শীর্ষক প্রকল্পের আওতায় গত ০৩ (তিন) বছরে ওয়ার্ড পর্যায়ে ৩৬টি এবং জাইকা অর্থায়নে ২৯০টিসহ সর্বমোট ৩২৬টি কমিউনিটি ক্লিনিক নির্মাণ কাজ সমাপ্ত হয়েছে। সদ্য সমাপ্ত স্বাস্থ্য, জনসংখ্যা ও পুষ্টি খাত উন্নয়ন কর্মসূচি (HPNSDP) এর আওতায় ফিজিক্যাল ফ্যাসিলিটিজ ডেভেলপমেন্ট (PFD) শীর্ষক অপারেশনাল প্ল্যান (OP) এর অন্তর্ভূক্ত কাজের মধ্যে ২৮০টি ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্র (UH&FWC) উন্নীতকরণ, ২৬টি ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্র (UH&FWC) নির্মাণ, ৫৭টি উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স (UzHC) ৩১ শয্যা হতে ৫০ শয্যায় উন্নীতকরণ, ০৮টি ৩১/৫০ শয্যা বিশিষ্ট উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স (UzHC) নির্মাণ, ৩টি উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স ৫০ শয্যা হতে ১০০ শয্যায় উন্নীতকরণ, ৬৬টি ১০ শয্যা বিশিষ্ট মা ও শিশু কল্যাণ কেন্দ্র (MCWC) নির্মাণ, ৩টি ২০ শয্যা বিশিষ্ট হাসপাতাল নির্মাণ, ১টি ৫০ শয্যা বিশিষ্ট ডায়াবেটিক হাসপাতাল, ০৫টি নার্সিং কলেজ (NC) নির্মাণ, ০৭টি আইএইচটি (IHT) নির্মাণ, ০২টি ম্যাটস (MATS) নির্মাণ করা হয়েছে। এছাড়া বাংলাদেশ কলেজ অব ফিজিশিয়ান এন্ড সার্জনস্ (BCPS) ভবনের উর্দ্ধমুখী সম্প্রসারণ (২য় পর্যায়) ও জনস্বাস্থ্য পুষ্টি প্রতিষ্ঠান (IPHN) ভবনের উর্দ্ধমুখী সম্প্রসারণ কাজ সম্পন্ন হয়েছে। ঢাকার মহাখালীতে স্বাস্থ্য অধিদপ্তরের অফিস ভবন নির্মাণ কাজ (২য় পর্যায়) ও ঔষধ প্রশাসন অধিদপ্তরের অফিস ভবন (১ম পর্ব) নির্মাণ কাজ সম্পন্ন হয়েছে। সাতক্ষীরা ২৫০ শয্যা বিশিষ্ট হাসপাতাল নির্মাণ কাজ সম্পন্ন হয়েছে। এছাড়া সাতক্ষীরা মেডিকেল কলেজ স্থাপন প্রকল্পের নির্মাণ কাজের অন্তর্ভুক্ত একাডেমিক ভবন, পুরুষ ও মহিলা হোস্টেল, প্রফেসরস কোয়ার্টার, এসোসিয়েটস প্রফেসরস কোয়ার্টার ইত্যাদি নির্মাণ কাজ সম্পন্ন হয়েছে। শেখ সায়েরা খাতুন মেডিকেল কলেজ ও হাসপাতাল এবং নার্সিং ইনস্টিটিউট স্থাপন, গোপালগঞ্জ শীর্ষক প্রকল্পের অন্তর্ভুক্ত বিদ্যমান হাসপাতাল ভবনের উর্দ্ধমুখী সম্প্রসারণ, একাডেমিক ভবন নির্মাণ, পুরুষ ও মহিলা হোস্টেল নির্মাণ, সিঙ্গেল ডক্টরস একোমোডেশন (পুরুষ ও মহিলা) ও স্টাফ নার্সেস ডরমেটরি নির্মাণ, ইন্টার্নি ডক্টরস ডরমেটরি (পুরুষ ও মহিলা), প্রফেসরস কোয়ার্টার, প্রিন্সিপাল কোয়ার্টার, ভাইস প্রিন্সিপাল কোয়ার্টার, এসোসিয়েটস প্রফেসরস কোয়ার্টারস ইত্যাদি নির্মাণ কাজ সম্পন্ন হয়েছে।

**সমস্যা এবং চ্যালেঞ্জসমূহ:**

স্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর (HED) এর কার্যপরিধি অনুযায়ী জনবলের স্বল্পতা, দক্ষ মানব সম্পদ ও প্রশিক্ষণের অভাব, নির্মাণ ও রক্ষণাবেক্ষণ কাজ তদারকিতে যানবাহনের অপ্রতুলতা, নতুন প্রকল্প বাস্তবায়নে ভূমি অধিগ্রহণের দীর্ঘসূত্রিতা ও নির্মাণ স্থান প্রাপ্তিতে জটিলতা, মামলা সংক্রান্ত জটিলতা, দূর্গম ও প্রত্যন্ত অঞ্চলে (পার্বত্য অঞ্চল, হাওড়/বাওড়, দ্বীপ এলাকা) প্রকল্প বাস্তবায়নের সীমাবদ্ধতা, ঠিকাদারের আর্থিক ব্যবস্থাপনায় দুর্বলতা।

জনবলের স্বল্পতা, ভূমি অধিগ্রহণে জটিলতা, ক্রয় প্রক্রিয়ায় দীর্ঘসূত্রিতা ইত্যাদি অতিক্রান্ত করে কাঙ্খিত লক্ষ্যমাত্রা অর্জনই অন্যতম চ্যালেঞ্জ।

**ভবিষ্যৎ পরিকল্পনা:**

চলমান ৪র্থ স্বাস্থ্য, জনসংখ্যা ও পুষ্টি সেক্টর কর্মসূচি (HPNSP) এর আওতায় ১০২৯টি কমিউনিটি ক্লিনিক নির্মাণ, ২০০০টি কমিউনিটি ক্লিনিক পুনঃ নির্মাণ, ৫০০টি কমিউনিটি ক্লিনিক রিমডেলিং, ৫০টি ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্র (UH&FWC) উন্নীতকরণ, ২০০টি ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্র (UH&FWC) নির্মাণ, ১০০টি ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্র (UH&FWC) পুনঃ নির্মাণ, ৫০টি ১০ শয্যা বিশিষ্ট মা ও শিশু কল্যাণ কেন্দ্র (MCWC) নির্মাণ, ৫টি ২০ শয্যা বিশিষ্ট হাসপাতাল নির্মাণ, ৪৫টি উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স (UzHC) ২০/৩১ শয্যা হতে ৫০ শয্যায় উন্নীতকরণ, ২০টি উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স পুনঃ নির্মাণ, ৩৪টি উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স (UzHC) রিমডেলিং, ৫টি উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স (UzHC) ২০/৫০ শয্যা হতে ১০০ শয্যায় উন্নীতকরণ, ১২টি ৩১/৫০ শয্যা বিশিষ্ট উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স (UzHC) নির্মাণ, ১০০টি উপজেলা স্টোর কাম পরিবার পরিকল্পনা অফিস নির্মাণ, ২টি ১০০ শয্যা বিশিষ্ট শিশু হাসপাতাল নির্মাণ, ৫টি এফডব্লিউভিটিআই (FWVTI) নির্মাণ, ৭টি এফডব্লিউভিটিআই (FWVTI) উন্নীতকরণ, ১০টি ইনস্টিটিউট অব হেলথ্ টেকনোলজি (IHT) নির্মাণ, ৮টি মেডিকেল এ্যাসিসট্যান্ট ট্রেনিং স্কুল (MATS) নির্মাণ, ঢাকার মহাখালীতে ইপিআই সেন্ট্রাল ওয়্যারহাউজ নির্মাণ, ৫টি নার্সিং কলেজ (NC) নির্মাণ, ২টি ট্রমা সেন্টার নির্মাণ, নিপোর্ট ভবন নির্মাণ, ঔষধ প্রশাসন অধিদপ্তর ভবন সম্প্রসারণ ও ঢাকার মহাখালীতে স্বাস্থ্য ভবন সম্প্রসারণ কাজ বাস্তবায়নের পরিকল্পনা গ্রহণ করা হয়েছে।

**২০১৮-২০১৯ অর্থ বছরের সম্ভাব্য প্রধান অর্জনসমূহ:**

- ১৫০ টি কমিউনিটি ক্লিনিক নির্মাণ
- ৪০ টি ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্র উন্নীতকরণ
- ১০ টি ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্র নির্মাণ
- ১২ টি ১০-শয্যা বিশিষ্ট মা ও শিশু কল্যাণ কেন্দ্র নির্মাণ
- ২৫ টি উপজেলা স্টোর কাম পরিবার পরিকল্পনা অফিস নির্মাণ
- ০৮ টি উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স ৩১ শয্যা থেকে ৫০ শয্যায় উন্নীতকরণ
- ০১ টি ৫০ শয্যা বিশিষ্ট ডায়াবেটিক হাসপাতাল নির্মাণ
- ০১ টি এফডব্লিউভিটিআই (এফডব্লিউভিটিআই) নির্মাণ
- ০২ টি ম্যাটস (এমএটিএস) নির্মাণ
- ০১ টি নার্সিং কলেজ (এনসি) নির্মাণ
- ০২ টি ইনস্টিটিউট অব হেলথ্ টেকনোলজি (আইএইচটি) নির্মাণ
- শেখ সায়েরা খাতুন মেডিকেল কলেজ ও হাসপাতাল এবং নার্সিং ইনস্টিটিউট স্থাপন, গোপালগঞ্জ (অগ্রগতি ৭০%)
- সাতক্ষীরা মেডিকেল কলেজ স্থাপন (অগ্রগতি ৭৫%)

## সেকশন-১

**এইচইডি (HED) এর রূপকল্প (Vision), অভিলক্ষ্য (Mission), কৌশলগত উদ্দেশ্যসমূহ (Strategic Objectives) এবং কার্যাবলি (Functions):**

### ১.১ রূপকল্প (Vision):

মানসম্মত স্বাস্থ্য অবকাঠামো উন্নত স্বাস্থ্য সেবার সহায়ক।

### ১.২ অভিলক্ষ্য (Mission):

যথাসময়ে স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা অবকাঠামো নির্মাণ, উন্নীতকরণ এবং বিদ্যমান অবকাঠামো সম্প্রসারণসহ মানসম্মত মেরামত ও রক্ষণাবেক্ষণের মাধ্যমে স্থাপনা সমূহকে উন্নত স্বাস্থ্য সেবা প্রদানের উপযোগী রাখা।

### ১.৩ কৌশলগত উদ্দেশ্যসমূহ (Strategic Objectives):

#### ১.৩.১ এইচইডি এর কৌশলগত উদ্দেশ্যসমূহ

১. স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা অবকাঠামো নির্মাণ, উন্নীতকরণ, সম্প্রসারণ, নবরূপায়ন, মেরামত ও রক্ষণাবেক্ষণ
২. প্রাতিষ্ঠানিক সক্ষমতা বৃদ্ধিকরণ

#### ১.৩.২ আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যসমূহ

১. বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বাস্তবায়ন জোরদারকরণ
২. কার্যপদ্ধতি, কর্মপরিবেশ ও সেবার মানোন্নয়ন
৩. আর্থিক ও সম্পদ ব্যবস্থাপনার উন্নয়ন
৪. জাতীয় শুদ্ধাচার কৌশল ও তথ্য অধিকার বাস্তবায়ন জোরদারকরণ

### ১.৪ কার্যাবলী (Functions):

১. স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের আওতাধীন বিভিন্ন অবকাঠামো নির্মাণ, উন্নীতকরণ, সম্প্রসারণ ও নবরূপায়ন;

২. সারাদেশে বিদ্যমান স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা স্থাপনা সমূহের রুটিন, পিরিওডিক্যাল, জরুরী ও দৈনন্দিন মেরামত ও সংস্কার কাজ;

৩. স্বাস্থ্য সেবা সম্পর্কিত স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠানের অবকাঠামো নির্মাণ, উন্নীতকরণ, সম্প্রসারণ, নবরূপায়ন, মেরামত ও রক্ষণাবেক্ষণ।

## সেকশন ২

### দপ্তর/সংস্থার বিভিন্ন কার্যক্রমের চূড়ান্ত ফলাফল/ প্রভাব (Outcome/Impact)

| চূড়ান্ত ফলাফল/ প্রভাব (Outcome/Impact) | কর্মসম্পাদন সূচকসমূহ (Perforormance Indicator) | একক (Unit) | প্রকৃত | | লক্ষ্যমাত্রা | প্রক্ষেপণ | | নির্ধারিত লক্ষ্যমাত্রা অর্জনের ক্ষেত্রে যৌথভাবে দায়িত্বপ্রাপ্ত মন্ত্রণালয় /বিভাগ/ সংস্থাসমূহের নাম | উপাত্তসূত্র (Source of Data) |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | ২০১৬-১৭ | ২০১৭-১৮* | ২০১৮-১৯ | ২০১৯-২০ | ২০২০-২১ | | |
| কমিউনিটি ক্লিনিক নির্মাণের মাধ্যমে গ্রাম/ওয়ার্ড পর্যায়ে স্বাস্থ্য সেবার সুযোগ বৃদ্ধি | নির্মিত ক্লিনিক | সংখ্যা (ক্রমপুঞ্জিভূত) | ১৩৫৬২ | ১৩৬৫২ | ১৩৮০২ | ১৪০০০ | ১৪৩০০ | সিবিএইচসি (CBHC) ও স্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর | স্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তরের বার্ষিক প্রতিবেদন |
| ইউনিয়ন লেভেলে স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্র নির্মাণের মাধ্যমে সেবা প্রদানের প্রাতিষ্ঠানিক কাঠামো বৃদ্ধি | নির্মিত কেন্দ্র | সংখ্যা (ক্রমপুঞ্জিভূত) | ৩৯১২ | ৩৯১৮ | ৩৯২৮ | ৩৯৫০ | ৩৯৭০ | স্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, স্বাস্থ্য অধিদপ্তর ও পরিবার পরিকল্পনা অধিদপ্তর | স্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তরের বার্ষিক প্রতিবেদন |
| বিদ্যমান উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স এর শয্যা সংখ্যা ৩১ থেকে ৫০ শয্যায় উন্নীতকরণের মাধ্যমে স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা সেবা বৃদ্ধি | নির্মিত কেন্দ্র | সংখ্যা (ক্রমপুঞ্জিভূত) | ৩৩৮ | ৩৪৭ | ৩৫৫ | ৩৬৫ | ৩৭৫ | স্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর ও স্বাস্থ্য অধিদপ্তর | স্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তরের বার্ষিক প্রতিবেদন |

* সাময়িক (provisional) তথ্য

## সেকশন ৩

### কৌশলগত উদ্দেশ্যভিত্তিক কার্যক্রম, কর্মসম্পাদন সূচক এবং লক্ষ্যমাত্রাসমূহ

| কৌশলগত উদ্দেশ্য (Strategic Objective) | কৌশলগত উদ্দেশ্যের মান (Weight of Strategic Objective) | কার্যক্রম (Activities) | কর্মসম্পাদন সূচক (Performance Indicators) | একক (Unit) | কর্মসম্পাদন সূচকের মান (Weight of Performance Indicators) | প্রকৃত অর্জন | | লক্ষ্যমাত্রা/ নির্ণায়ক ২০১৮-২০১৯ (Target/Criteria Value for FY 2018-2019) | | | | | প্রক্ষেপণ (Projection) ২০১৯-২০ | প্রক্ষেপণ (Projection) ২০২০-২১ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | ২০১৬-১৭ | ২০১৭-১৮* | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ | ১২ | ১৩ | ১৪ | ১৫ |
| স্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তরের কৌশলগত উদ্দেশ্যসমূহ | | | | | | | | | | | | | | |
| [১] স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা অবকাঠামো নির্মাণ, উন্নীতকরণ, সম্প্রসারণ, নবরূপায়ন, মেরামত ও রক্ষণাবেক্ষণ | ৭০ | [১.১] কমিউনিটি ক্লিনিক নির্মাণ | [১.১.১] নির্মিত ক্লিনিক | সংখ্যা (ক্রমপুঞ্জিভূত) | ৭.৫০ | ১৩৫৬২ | ১৩৬৫২ | ১৩৮০২ | ১৩৭৯৭ | ১৩৭৯২ | ১৩৭৮৭ | ১৩৭৮২ | ১৪০০০ | ১৪৩০০ |
| | | [১.২] ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্র উন্নীতকরণ | [১.২.১] উন্নীত কেন্দ্র | সংখ্যা (ক্রমপুঞ্জিভূত) | ২.০০ | ১৬৯৬ | ১৭৭৬ | ১৮১৬ | ১৮১৪ | ১৮১২ | ১৮১০ | ১৮০৮ | ১৮৫৬ | ১৮৫৮ |
| | | [১.৩] ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্র নির্মাণ | [১.৩.১] নির্মিত কেন্দ্র | সংখ্যা (ক্রমপুঞ্জিভূত) | ২.৫০ | ৩৯১২ | ৩৯১৮ | ৩৯২৮ | ৩৯২৭ | ৩৯২৬ | ৩৯২৫ | ৩৯২৪ | ৩৯৫০ | ৩৯৭০ |
| | | [১.৪] ১০ শয্যা মা ও শিশু কল্যাণ কেন্দ্র নির্মাণ | [১.৪.১] নির্মিত কেন্দ্র | সংখ্যা (ক্রমপুঞ্জিভূত) | ৬.০০ | ৫২ | ৬৬ | ৭৮ | ৭৭ | ৭৬ | ৭৫ | ৭৪ | ১০০ | ১২০ |
| | | [১.৫] উপজেলা স্টোর কাম পরিবার পরিকল্পনা অফিস নির্মাণ | [১.৫.১] উন্নীত কেন্দ্র | সংখ্যা (ক্রমপুঞ্জিভূত) | ১.৫০ | ১২৬ | ১২৮ | ১৫৩ | ১৫১ | ১৪৯ | ১৪৭ | ১৪৫ | ১৯৫ | ২২৮ |
| | | [১.৬] উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স ৩১ শয্যা থেকে ৫০ শয্যায় উন্নীতকরণ | [১.৬.১] উন্নীত কেন্দ্র | সংখ্যা (ক্রমপুঞ্জিভূত) | ১২.০০ | ৩৩৮ | ৩৪৭ | ৩৫৫ | ৩৫৪ | ৩৫৩ | ৩৫২ | ৩৫১ | ৩৬৫ | ৩৭৫ |

* সাময়িক (provisional) তথ্য

| কৌশলগত উদ্দেশ্য (Strategic Objective) | কৌশলগত উদ্দেশ্যের মান (Weight of Strategic Objective) | কার্যক্রম (Activities) | কর্মসম্পাদন সূচক (Performance Indicators) | একক (Unit) | কর্মসম্পাদন সূচকের মান (Weight of Performance Indicators) | প্রকৃত অর্জন | | লক্ষ্যমাত্রা/ নির্ণায়ক ২০১৮-২০১৯ (Target/Criteria Value for FY 2018-2019) | | | | | প্রক্ষেপণ (Projection) ২০১৯-২০ | প্রক্ষেপণ (Projection) ২০২০-২১ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | ২০১৬-১৭ | ২০১৭-১৮* | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ | ১২ | ১৩ | ১৪ | ১৫ |
| | | [১.৭] ৫০ শয্যা বিশিষ্ট ডায়াবেটিক হাসপাতাল নির্মাণ | [১.৮.১] নির্মিত কেন্দ্র | সংখ্যা | ২.০০ | ১ | ১ | ১ | - | - | - | - | - | - |
| | | [১.৮] এফডব্লিউভিটিআই নির্মাণ | [১.৮.১] নির্মিত কেন্দ্র | সংখ্যা (ক্রমপুঞ্জিভূত) | ২.০০ | ১ | ১ | ২ | - | - | - | - | ৪ | ৬ |
| | | [১.৯] ম্যাটস নির্মাণ | [১.৯.১] নির্মিত কেন্দ্র | সংখ্যা (ক্রমপুঞ্জিভূত) | ৪.০০ | ৩ | ৩ | ৫ | - | - | - | ৪ | ৮ | ১১ |
| | | [১.১০] নার্সিং কলেজ নির্মাণ | [১.১০.১] নির্মিত কেন্দ্র | সংখ্যা (ক্রমপুঞ্জিভূত) | ২.৫০ | ৭ | ৯ | ১০ | - | - | - | - | ১২ | ১৪ |
| | | [১.১১] আইএইচটি নির্মাণ | [১.১১.১] নির্মিত কেন্দ্র | সংখ্যা (ক্রমপুঞ্জিভূত) | ৫.০০ | ৫ | ৮ | ১০ | - | - | - | ৯ | ১৪ | ১৭ |
| | | [১.১২] স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা অবকাঠামো মেরামত ও রক্ষণাবেক্ষণ | [১.১২.১] মেরামতকৃত কেন্দ্রের অগ্রগতির হার | % | ১০.০০ | ৯৫.০০ | ৯৫.০০ | ৯৫.০০ | ৯৪.০০ | ৯৩.০০ | ৯২.০০ | ৯১.০০ | ৯৫.০০ | ৯৫.০০ |
| | | [১.১৩] শেখ সায়েরা খাতুন মেডিকেল কলেজ ও হাসপাতাল এবং নার্সিং ইনস্টিটিউট স্থাপন, গোপালগঞ্জ | [১.১৩.১] নির্মাণের অগ্রগতির হার | % | ৮.০০ | ৪০ | ৬০ | ৭০ | ৬৯ | ৬৮ | ৬৭ | ৬৬ | ৮৫ | ১০০ |
| | | [১.১৪] সাতক্ষীরা মেডিকেল কলেজ স্থাপন | [১.১৪.১] নির্মাণের অগ্রগতির হার | % | ৫.০০ | ৩০ | ৫০ | ৭৫ | ৭৩ | ৭১ | ৬৯ | ৬৭ | ১০০ | - |

* সাময়িক (provisional) তথ্য

## সেকশন ৩
## কৌশলগত উদ্দেশ্য, অগ্রাধিকার, কার্যক্রম, কর্মসম্পাদন সূচক এবং লক্ষ্যমাত্রাসমূহ

| কৌশলগত উদ্দেশ্য (Strategic Objective) | কৌশলগত উদ্দেশ্যের মান (Weight of Strategic Objective) | কার্যক্রম (Activities) | কর্মসম্পাদন সূচক (Performance Indicators) | একক (Unit) | কর্মসম্পাদন সূচকের মান (Weight of Performance Indicators) | প্রকৃত অর্জন | | লক্ষ্যমাত্রা/ নির্ণায়ক ২০১৮-২০১৯ (Target/Criteria Value for FY 2018-2019) | | | | | প্রক্ষেপণ (Projection) ২০১৯-২০ | প্রক্ষেপণ (Projection) ২০২০-২১ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | ২০১৬-১৭ | ২০১৭-১৮* | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ | ১২ | ১৩ | ১৪ | ১৫ |
| [২] প্রাতিষ্ঠানিক সক্ষমতা বৃদ্ধিকরণ | ৫ | [২.১] জনবল নিয়োগ, পদোন্নতি | [২.১.১] নিয়োগকৃত জনবল | সংখ্যা | ৫.০০ | ৮১ | ৭২ | ২৫ | ২৪ | ২৩ | ২২ | ২১ | ১০০ | ১০০ |

* সাময়িক (provisional) তথ্য

## সেকশন-৩
## দপ্তর/ সংস্থার আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যসমূহ, ২০১৮-১৯
### (মোট নম্বর-২৫)

| কলাম-১ | কলাম-২ | কলাম-৩ | কলাম-৪ | | কলাম-৫ | কলাম-৬ | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| কৌশলগত উদ্দেশ্য (Strategic Objectives) | কৌশলগত উদ্দেশ্যের মান (Weigtht of Strategic Objectives) | কার্যক্রম (Activities) | কর্মসম্পাদন সূচক (Performance Indicator) | একক (Unit) | কর্মসম্পাদন সূচকের মান (Weight of PI) | লক্ষ্যমাত্রার মান-২০১৮-২০১৯ | | | | |
| | | | | | | অসাধারণ (Excellent) ১০০% | অতি উত্তম (Very Good) ৯০% | উত্তম (Good) ৮০% | চলতি মান (Fair) ৭০% | চলতি মানের নিম্নে (Poor) ৬০% |
| বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বাস্তবায়ন জোরদারকরণ | ৩ | মাঠ পর্যায়ের কার্যালয়ের সঙ্গে ২০১৮-১৯ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি স্বাক্ষর ও ওয়েবসাইটে আপলোড | বার্ষিক কর্মসম্পাদন চুক্তি স্বাক্ষরিত | তারিখ | ০.৫ | ২০ জুন, ২০১৮ | ২১ জুন, ২০১৮ | ২৪ জুন, ২০১৮ | - | - |
| | | ২০১৮-১৯ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির অর্ধ-বার্ষিক মূল্যায়ন প্রতিবেদন সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগ | মূল্যায়ন প্রতিবেদন দাখিলকৃত | তারিখ | ০.৫ | ১৭ জানুয়ারি, ২০১৯ | ২০ জানুয়ারি, ২০১৯ | ২১ জানুয়ারি, ২০১৯ | ২২ জানুয়ারি, ২০১৯ | ২৩ জানুয়ারি, ২০১৯ |
| | | মাঠ পর্যায়ের কার্যালয়ের ২০১৮-১৯ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির অর্ধবার্ষিক মূল্যায়ন প্রতিবেদন পর্যালোচনান্তে ফলাবর্তক (feedback) মন্ত্রণালয়/বিভাগে | ফলাবর্তক (feedback) প্রদত্ত | তারিখ | ১ | ২৪ জানুয়ারি, ২০১৯ | ৩১ জানুয়ারি, ২০১৯ | ০৪ ফেব্রুয়ারি, ২০১৯ | ০৮ ফেব্রুয়ারি, ২০১৯ | ১১ ফেব্রুয়ারি, ২০১৯ |
| | | সরকারি কর্মসম্পাদন ব্যবস্থাপনা পদ্ধতিসহ অন্যান্য বিষয়ে কর্মকর্তা/কর্মচারীদের জন্য প্রশিক্ষণ আয়োজন | আয়োজিত প্রশিক্ষণের সময় | জনঘন্টা * | ১ | ৬০ | - | - | - | - |
| কার্যপদ্ধতি, কর্মপরিবেশ ও সেবার মানোন্নয়ন | ১০ | ই-ফাইলিং পদ্ধতি বাস্তবায়ন | ফ্রন্ট ডেস্কের মাধ্যমে গৃহীত ডাক ই-ফাইলিং সিস্টেমে আপলোডকৃত | % | ১ | ৮০ | ৭০ | ৬০ | ৫৫ | ৫০ |
| | | | ই-ফইলে নথি নিস্পত্তিকৃত ** | % | ১ | ৫০ | ৪৫ | ৪০ | ৩৫ | ৩০ |
| | | | ই-ফইলে পত্র জারীকৃত *** | % | ১ | ৪০ | ৩৫ | ৩০ | ২৫ | ২০ |
| | | দপ্তর/সংস্থা কর্তৃক অনলাইন সেবা চালু করা | ন্যূনতম একটি নতুন ই-সার্ভিস চালুকৃত | তারিখ | ১ | ১০ জানয়ারি, ২০১৯ | ২৪ জানয়ারি, ২০১৯ | ২৮ জানয়ারি, ২০১৯ | ৩১ মার্চ, ২০১৯ | ৩০ এপ্রিল, ২০১৯ |
| | | দপ্তর/সংস্থা ও অধীনস্থ কার্যালয়সমূহের উদ্ভাবনী উদ্যোগ ও ক্ষুদ্র উন্নয়ন প্রকল্প (SIP) বাস্তবায়ন | উদ্ভাবনী উদ্যোগ ও ক্ষুদ্র উন্নয়ন প্রকল্প (SIP) সমূহের হালনাগাদকৃত ডাটাবেইজ ওয়েবসাইটে প্রকাশিত | তারিখ | ১ | ০৩ ফেব্রুয়ারি, ২০১৯ | ১১ ফেব্রুয়ারি, ২০১৯ | ১৮ ফেব্রুয়ারি, ২০১৯ | ২৫ ফেব্রুয়ারি, ২০১৯ | ০৪ মার্চ, ২০১৯ |
| | | | ডাটাবেজ অনুযায়ী ন্যূনতম দুটি নতুন উদ্ভাবনী উদ্যোগ/ক্ষুদ্র উন্নয়ন প্রকল্প চালুকৃত | তারিখ | ১ | ০৮ এপ্রিল, ২০১৯ | ২২ এপ্রিল, ২০১৯ | ০২ মে, ২০১৯ | ১৬ মে, ২০১৯ | ৩০ মে, ২০১৯ |
| | | সিটিজেন্স চার্টার বাস্তবায়ন | হালনাগাদকৃত সিটিজেন্স চার্টার অনুযায়ী প্রদত্ত সেবা | % | ১ | ৮০ | ৭৫ | ৭০ | ৬০ | ৫০ |
| | | | সেবাগ্রহীতাদের মতামত পরিবীক্ষণ ব্যবস্থা চালুকৃত | তারিখ | ০.৫ | ৩১ ডিসেম্বর, ২০১৮ | ১৫ জানুয়ারি, ২০১৯ | ০৭ ফেব্রুয়ারি, ২০১৯ | ১৭ ফেব্রুয়ারি, ২০১৯ | ২৮ ফেব্রুয়ারি, ২০১৯ |
| | | অভিযোগ প্রতিকার ব্যবস্থা বাস্তবায়ন | নির্দিষ্ট সময়ের মধ্যে অভিযোগ নিস্পত্তিকৃত | % | ০.৫ | ৭৫ | ৭০ | ৬৫ | ৬০ | ৫০ |
| | | পিআরএল শুরুর ২ মাস পূর্বে সংশ্লিষ্ট কর্মচারীর পিআরএল ও ছুটি নগদায়নপত্র জারি করা | পিআরএল আদেশ জারিকৃত | % | ১ | ১০০ | ৯০ | ৮০ | - | - |
| | | | ছুটি নগদায়ন জারিকৃত | % | ১ | ১০০ | ৯০ | ৮০ | - | - |

| কলাম-১ | কলাম-২ | কলাম-৩ | কলাম-৪ | | কলাম-৫ | কলাম-৬ | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| কৌশলগত উদ্দেশ্য (Strategic Objectives) | কৌশলগত উদ্দেশ্যের মান (Weigtht of Strategic Objectives) | কার্যক্রম (Activities) | কর্মসম্পাদন সূচক (Performance Indicator) | একক (Unit) | কর্মসম্পাদন সূচকের মান (Weight of PI) | লক্ষ্যমাত্রার মান-২০১৮-২০১৯ | | | | |
| | | | | | | অসাধারণ (Excellent) ১০০% | অতি উত্তম (Very Good) ৯০% | উত্তম (Good) ৮০% | চলতি মান (Fair) ৭০% | চলতি মানের নিম্নে (Poor) ৬০% |
| আর্থিক ও সম্পদ ব্যবস্থাপনার উন্নয়ন | ৯ | অডিট আপত্তি নিষ্পত্তি কার্যক্রমের উন্নয়ন | ত্রিপক্ষীয় সভায় অডিট আপত্তি নিষ্পত্তির জন্য সুপারিশকৃত | % | ১ | ৬০ | ৫৫ | ৫০ | ৪৫ | ৪০ |
| | | | অডিট আপত্তি নিষ্পত্তিকৃত | % | ১ | ৫০ | ৪৫ | ৪০ | ৩৫ | ৩০ |
| | | স্থাবর ও অস্থাবর সম্পত্তির হালনাগাদ তালিকা প্রস্তুত করা | স্থাবর সম্পত্তির তালিকা হালনাগাদকৃত | তারিখ | ১ | ০৩ ফেব্রুয়ারি, ২০১৯ | ১১ ফেব্রুয়ারি, ২০১৯ | ১৮ ফেব্রুয়ারি, ২০১৯ | ২৫ ফেব্রুয়ারি, ২০১৯ | ০৪ মার্চ, ২০১৯ |
| | | | অস্থাবর স্পত্তির তালিকা হালনাগাদকৃত | তারিখ | ১ | ০৩ ফেব্রুয়ারি, ২০১৯ | ১১ ফেব্রুয়ারি, ২০১৯ | ১৮ ফেব্রুয়ারি, ২০১৯ | ২৫ ফেব্রুয়ারি, ২০১৯ | ০৪ মার্চ, ২০১৯ |
| | | বার্ষিক উন্নয়ন কর্মসূচি বাস্তবায়ন | বার্ষিক উন্নয়ন কর্মসূচি বাস্তবায়িত | % | ২ | ১০০ | ৯৫ | ৯০ | ৮৫ | ৮০ |
| | | অব্যবহৃত/অকেজো যানবাহন বিদ্যমান নীতিমালা অনুযায়ী নিষ্পত্তিকৃত | নিষ্পত্তিকৃত | তারিখ | ১ | ৮০ | ৭৫ | ৭০ | ৬০ | ৫০ |
| | | বকেয়া বিদ্যুৎ বিল পরিশোধ করা | বিদ্যুৎ বিল পরিশোধিত | % | ১ | ১০০ | ৯৫ | ৯০ | ৮৫ | ৮০ |
| | | শূন্য পদের বিপরীতে নিয়োগ প্রদান | নিয়োগ প্রদানকৃত | সংখ্যা | ১ | ৮০ | ৭০ | ৬০ | ৫০ | ৪০ |
| জাতীয় শুদ্ধাচার কৌশল ও তথ্য অধিকার বাস্তবায়ন জোরদারকরণ | ৩ | জাতীয় শুদ্ধাচার কর্মপরিকল্পনা ও পরিবীক্ষণ কাঠামো বাস্তবায়ন **** | ত্রৈমাসিক প্রতিবেদন দাখিলকৃত | সংখ্যা | ১ | ৪ | ৩ | - | - | - |
| | | | জাতীয় শুদ্ধাচার কর্মপরিকল্পনা ও পরিবীক্ষণ কাঠামোয় অন্তর্ভূক্ত লক্ষ্যমাত্রা বাস্তবায়িত | % | ০.৫ | ১০০ | ৯৫ | ৯০ | ৮৫ | ৮০ |
| | | তথ্য বাতায়ন হালনাগাদকরণ | সকল অনলাইন সেবা তথ্য বাতায়নে সংযোজিত | % | ০.৫ | ১০০ | ৯০ | ৮০ | - | - |
| | | | তথ্য বাতায়ন হালনাগাদকৃত | % | ০.৫ | ১০০ | ৯০ | ৮০ | - | - |
| | | দপ্তর/সংস্থার ২০১৭-১৮ অর্থবছরের বার্ষিক প্রতিবেদন প্রণয়ন ও ওয়েবসাইটে প্রকাশ | বার্ষিক প্রতিবেদন ওয়েবসাইটে প্রকাশিত | তারিখ | ০.৫ | ১৮ অক্টোবর, ২০১৮ | ৩১ অক্টোবর, ২০১৮ | ১৫ নভেম্বর, ২০১৮ | ২৯ নভেম্বর, ২০১৮ | ০৬ ডিসেম্বর, ২০১৮ |

* জনপ্রশাসন প্রশিক্ষণ ম্যানুয়াল অনুযায়ী উক্ত প্রশিক্ষণ আয়োজন করতে হবে।

** মন্ত্রিপরিষদ বিভাগের ই-গভর্ন্যান্স অধিশাখা হতে প্রাপ্ত প্রতিবেদন।

*** মন্ত্রিপরিষদ বিভাগের ই-গভর্ন্যান্স অধিশাখা হতে প্রাপ্ত প্রতিবেদন।

**** মন্ত্রিপরিষদ বিভাগের শুদ্ধাচার অধিশাখা হতে প্রাপ্ত প্রতিবেদন।

আমি, প্রধান প্রকৌশলী, স্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় মন্ত্রী, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় এর প্রতিনিধি সচিব, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় এর নিকট অঙ্গীকার করছি যে, এই চুক্তিতে বর্ণিত ফলাফল অর্জনে সচেষ্ট থাকব।

আমি, সচিব, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় মন্ত্রী, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় এর প্রতিনিধি হিসাবে প্রধান প্রকৌশলী, স্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর এর নিকট অঙ্গীকার করছি যে, বর্ণিত ফলাফল অর্জনে প্রয়োজনীয় সহযোগিতা প্রদান করব।

স্বাক্ষরিত:

প্রধান প্রকৌশলী
স্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর (এইচইডি)

২০/৬/২০১৮
তারিখ

সচিব
স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়

২০.৬.২০১৮
তারিখ

## শব্দসংক্ষেপ (Acronyms)

| ক্রমিক নম্বর | শব্দসংক্ষেপ (Acronyms) | বিবরণ |
|---|---|---|
| ১ | এইচইডি (HED) | স্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর (Health Engineering Department) |
| ২ | আরসিএইচসিআইবি (RCHCIB) | রিভাইটালাইজেশন অব কমিউনিটি হেলথ কেয়ার ইনিসিয়েটিভ ইন বাংলাদেশ (Revitalization of Community Health Care Initiatives in Bangladesh) |
| ৩ | এইচপিএনএসডিপি (HPNSDP) | স্বাস্থ্য, জনসংখ্যা ও পুষ্টি খাত উন্নয়ন কর্মসূচি (Health Population & Nutrition Sector Development Program (HPNSDP) |
| ৪ | এইচপিএনএসপি (HPNSP) | স্বাস্থ্য, জনসংখ্যা ও পুষ্টি খাত কর্মসূচি (Health Population & Nutrition Sector Program (HPNSP) |
| ৫ | পিএফডি (PFD) | ফিজিক্যাল ফ্যাসিলিটিজ ডেভেলপমেন্ট (Physical Facilities Development) |
| ৬ | ওপি (OP) | অপারেশনাল প্ল্যান (Operational Plan) |
| ৭ | ইউএইচএন্ডএফডব্লিউসি (UH&FWC) | ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্র (Union Health & Family Welfare Center) |
| ৮ | ইউজেডএইচসি (UzHC) | উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স (Upazila Health Complex) |
| ৯ | এমসিডব্লিউসি (MCWC) | মা ও শিশু কল্যাণ কেন্দ্র (Mother & Child Welfare Center) |
| ১০ | এনসি (NC) | নার্সিং কলেজ (Nursing College) |
| ১১ | আইএইচটি (IHT) | ইনষ্টিটিউট অব হেলথ টেকনোলজি (Institute of Health Technology) |
| ১২ | ম্যাটস্ (MATS) | মেডিক্যাল এ্যাসিসটেন্ট ট্রেনিং স্কুল (Medical Assistant Training School) |
| ১৩ | বিসিপিএস (BCPS) | বাংলাদেশ কলেজ অব ফিজিশিয়ানস এন্ড সার্জনস (Bangladesh College of Physicians and Surgeons) |
| ১৪ | আইপিএইচএন (IPHN) | জনস্বাস্থ্য পুষ্টি প্রতিষ্ঠান (Institute of Public Health) |
| ১৫ | ডিপিপি (DPP) | ডেভেলপমেন্ট প্রজেক্ট প্রপোজাল (Development Project Proposal) |
| ১৬ | এফডব্লিউভিটিআই (FWVTI) | পরিবার কল্যাণ পরিদর্শিকা প্রশিক্ষণ ইনস্টিটিউট (Family Welfare Visitor Training Institute) |
| ১৭ | সিবিএইচসি (CBHC) | কমিউনিটি বেইজড হেলথ কেয়ার (Community Based Health Care) |
| ১৮ | ডিজিডিএ (DGDA) | ঔষধ প্রশাসন অধিদপ্তর (Directorate General of Drug Administration) |

সংযোজনী-২: কর্মসম্পাদন সূচকসমূহ, বাস্তবায়নকারী কার্যালয়সমূহ এবং পরিমাপ পদ্ধতি - এর বিবরণ

| ক্রমিক নম্বর | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | বিবরণ | বাস্তবায়নকারী ইউনিট | পরিমাপ পদ্ধতি এবং উপাত্ত সূত্র | সাধারণ মন্তব্য |
|---|---|---|---|---|---|---|
| ০১. | [১.১] কমিউনিটি ক্লিনিক নির্মাণ | [১.১.১] নির্মিত ক্লিনিক | ১৫০টি কমিউনিটি ক্লিনিক নির্মাণ করে সর্বমোট (ক্রমপুঞ্জিভূত) ১৩৮০২টি কমিউনিটি ক্লিনিক নির্মিত হবে। | সিবিএইচসি (CBHC) ও স্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর | এইচইডি'র নির্মাণ সমাপ্তিকরণ প্রতিবেদন বিশ্লেষণ এবং এইচইডি'র বিভাগীয় কার্যালয় থেকে প্রাপ্ত মাসিক অগ্রগতি প্রতিবেদন; এইচইডি'র বার্ষিক প্রতিবেদন | |
| ০২. | [১.২] ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্র উন্নীতকরণ | [১.২.১] উন্নীত কেন্দ্র | ৪০টি ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্র উন্নীতকরণ করে সর্বমোট (ক্রমপুঞ্জিভূত) ১৮১৬টি কেন্দ্র উন্নীতকরণ হবে। | স্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, স্বাস্থ্য অধিদপ্তর ও পরিবার পরিকল্পনা অধিদপ্তর | এইচইডি'র নির্মাণ সমাপ্তিকরণ প্রতিবেদন বিশ্লেষণ এবং এইচইডি'র বিভাগীয় কার্যালয় থেকে প্রাপ্ত মাসিক অগ্রগতি প্রতিবেদন; এইচইডি'র বার্ষিক প্রতিবেদন | |
| ০৩. | [১.৩] ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্র নির্মাণ | [১.৩.১] নির্মিত কেন্দ্র | ১০টি ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্র নির্মাণ করে সর্বমোট (ক্রমপুঞ্জিভূত) ৩৯২৮টি কেন্দ্র নির্মিত হবে। | স্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, স্বাস্থ্য অধিদপ্তর ও পরিবার পরিকল্পনা অধিদপ্তর | এইচইডি'র নির্মাণ সমাপ্তিকরণ প্রতিবেদন বিশ্লেষণ এবং এইচইডি'র বিভাগীয় কার্যালয় থেকে প্রাপ্ত মাসিক অগ্রগতি প্রতিবেদন; এইচইডি'র বার্ষিক প্রতিবেদন | |
| ০৪. | [১.৪] ১০ শয্যা মা ও শিশু কল্যাণ কেন্দ্র নির্মাণ | [১.৪.১] নির্মিত কেন্দ্র | ১২টি ১০ শয্যা বিশিষ্ট মা ও শিশু কল্যাণ নির্মাণ করে সর্বমোট (ক্রমপুঞ্জিভূত) ৭৮টি কেন্দ্র নির্মিত হবে। | স্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর ও পরিবার পরিকল্পনা অধিদপ্তর | এইচইডি'র নির্মাণ সমাপ্তিকরণ প্রতিবেদন বিশ্লেষণ এবং এইচইডি'র বিভাগীয় কার্যালয় থেকে প্রাপ্ত মাসিক অগ্রগতি প্রতিবেদন; এইচইডি'র বার্ষিক প্রতিবেদন | |
| ০৫. | [১.৫] উপজেলা স্টোর কাম পরিবার পরিকল্পনা অফিস নির্মাণ | [১.৫.১] নির্মিত কেন্দ্র | ২৫টি উপজেলা স্টোর কাম পরিবার পরিকল্পনা অফিস নির্মাণ করে সর্বমোট (ক্রমপুঞ্জিভূত) ১৫৩টি উপজেলা স্টোর কাম পরিবার পরিকল্পনা অফিস নির্মিত হবে। | স্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর ও পরিবার পরিকল্পনা অধিদপ্তর | এইচইডি'র নির্মাণ সমাপ্তিকরণ প্রতিবেদন বিশ্লেষণ এবং এইচইডি'র বিভাগীয় কার্যালয় থেকে প্রাপ্ত মাসিক অগ্রগতি প্রতিবেদন; এইচইডি'র বার্ষিক প্রতিবেদন | |
| ০৬. | [১.৬] উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স ৩১ শয্যা থেকে ৫০ শয্যায় উন্নীতকরণ | [১.৬.১] উন্নীত উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স | ৮টি উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স ৩১ শয্যা থেকে ৫০ শয্যায় উন্নীতকরণ করে সর্বমোট (ক্রমপুঞ্জিভূত) ৩৫৫টি কেন্দ্র উন্নীতকরণ হবে। | স্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর ও স্বাস্থ্য অধিদপ্তর | এইচইডি'র নির্মাণ সমাপ্তিকরণ প্রতিবেদন বিশ্লেষণ এবং এইচইডি'র বিভাগীয় কার্যালয় থেকে প্রাপ্ত মাসিক অগ্রগতি প্রতিবেদন; এইচইডি'র বার্ষিক প্রতিবেদন | |
| ০৭. | [১.৭] ৫০ শয্যা বিশিষ্ট ডায়াবেটিক হাসপাতাল নির্মাণ | [১.৭.১] নির্মাণ কেন্দ্র | ১টি ৫০ শয্যা বিশিষ্ট ডায়াবেটিক হাসপাতাল নির্মাণ করা হবে। | স্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর ও স্বাস্থ্য অধিদপ্তর | এইচইডি'র নির্মাণ সমাপ্তিকরণ প্রতিবেদন বিশ্লেষণ এবং এইচইডি'র বিভাগীয় কার্যালয় থেকে প্রাপ্ত মাসিক অগ্রগতি প্রতিবেদন; এইচইডি'র বার্ষিক প্রতিবেদন | |

| ক্রমিক নম্বর | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | বিবরণ | বাস্তবায়নকারী ইউনিট | পরিমাপ পদ্ধতি এবং উপাত্ত সূত্র | সাধারণ মন্তব্য |
|---|---|---|---|---|---|---|
| ০৮. | [১.৮] এফডব্লিউভিটিআই নির্মাণ | [১.৮.১] নির্মিত কেন্দ্র | ১টি পরিবার কল্যাণ পরিদর্শিকা প্রশিক্ষণ ইনস্টিটিউট (এফডব্লিউভিটিআই) নির্মাণ করে সর্বমোট (ক্রমপুঞ্জিভূত) ২টি কেন্দ্র নির্মিত হবে। | স্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর ও নিপোর্ট | এইচইডি'র নির্মাণ সমাপ্তিকরণ প্রতিবেদন বিশ্লেষণ এবং এইচইডি'র বিভাগীয় কার্যালয় থেকে প্রাপ্ত মাসিক অগ্রগতি প্রতিবেদন; এইচইডি'র বার্ষিক প্রতিবেদন | |
| ০৯. | [১.৯] ম্যাটস্ নির্মাণ | [১.৯.১] নির্মিত কেন্দ্র | ২টি মেডিক্যাল এ্যাসিসট্যান্ট ট্রেনিং স্কুল (ম্যাটস) নির্মাণ করে সর্বমোট (ক্রমপুঞ্জিভূত) ৫টি কেন্দ্র নির্মিত হবে। | স্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর ও নিপোর্ট | এইচইডি'র নির্মাণ সমাপ্তিকরণ প্রতিবেদন বিশ্লেষণ এবং এইচইডি'র বিভাগীয় কার্যালয় থেকে প্রাপ্ত মাসিক অগ্রগতি প্রতিবেদন; এইচইডি'র বার্ষিক প্রতিবেদন | |
| ১০. | [১.১০] নার্সিং কলেজ নির্মাণ | [১.১০.১] নির্মিত কেন্দ্র | ১টি নার্সিং কলেজ নির্মাণ করে সর্বমোট (ক্রমপুঞ্জিভূত) ১০টি কেন্দ্র নির্মিত হবে। | স্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, স্বাস্থ্য অধিদপ্তর এবং নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর | এইচইডি'র নির্মাণ সমাপ্তিকরণ প্রতিবেদন বিশ্লেষণ এবং এইচইডি'র বিভাগীয় কার্যালয় থেকে প্রাপ্ত মাসিক অগ্রগতি প্রতিবেদন; এইচইডি'র বার্ষিক প্রতিবেদন | |
| ১১. | [১.১১] আইএইচটি নির্মাণ | [১.১১.১] নির্মিত কেন্দ্র | ২টি ইনষ্টিটিউট অব হেলথ্ টেকনোলজী (আইএইচটি) নির্মাণ করে সর্বমোট (ক্রমপুঞ্জিভূত) ১০টি কেন্দ্র নির্মিত হবে। | স্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর ও স্বাস্থ্য অধিদপ্তর | এইচইডি'র নির্মাণ সমাপ্তিকরণ প্রতিবেদন বিশ্লেষণ এবং এইচইডি'র বিভাগীয় কার্যালয় থেকে প্রাপ্ত মাসিক অগ্রগতি প্রতিবেদন; এইচইডি'র বার্ষিক প্রতিবেদন | |
| ১২. | [১.১২] স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা অবকাঠামো মেরামত ও রক্ষণাবেক্ষণ | [১.১২.১] মেরামতকৃত কেন্দ্রের অগ্রগতির হার | স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের আওতাধীন বিদ্যমান অবকাঠামো সমূহের রুটিন, পিরিওডিক্যাল ও দৈনন্দিন মেরামত ও সংস্কার কাজ বাস্তবায়ন করা হবে। | স্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, স্বাস্থ্য অধিদপ্তর ও পরিবার পরিকল্পনা অধিদপ্তর | এইচইডি'র নির্মাণ সমাপ্তিকরণ প্রতিবেদন বিশ্লেষণ এবং এইচইডি'র বিভাগীয় কার্যালয় থেকে প্রাপ্ত মাসিক অগ্রগতি প্রতিবেদন; এইচইডি'র বার্ষিক প্রতিবেদন | |
| ১৩. | [১.১৩] শেখ সায়েরা খাতুন মেডিকেল কলেজ ও হাসপাতাল এবং নার্সিং ইনস্টিটিউট স্থাপন | [১.১৩.১] নির্মাণের অগ্রগতির হার | ডিপিপি'র আওতায় শেখ সায়েরা খাতুন মেডিকেল কলেজ ও হাসপাতাল এবং নার্সিং ইনস্টিটিউট স্থাপন কাজ বাস্তবায়িত হচ্ছে। | স্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর ও স্বাস্থ্য অধিদপ্তর | এইচইডি'র নির্মাণ সমাপ্তিকরণ প্রতিবেদন বিশ্লেষণ এবং এইচইডি'র বিভাগীয় কার্যালয় থেকে প্রাপ্ত মাসিক অগ্রগতি প্রতিবেদন; এইচইডি'র বার্ষিক প্রতিবেদন | |
| ১৪. | [১.১৪] সাতক্ষীরা মেডিকেল কলেজ স্থাপন | [১.১৪.১] নির্মাণের অগ্রগতির হার | ডিপিপি'র আওতায় সাতক্ষীরা মেডিকেল কলেজ স্থাপন কাজ বাস্তবায়িত হচ্ছে। | স্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর ও স্বাস্থ্য অধিদপ্তর | এইচইডি'র নির্মাণ সমাপ্তিকরণ প্রতিবেদন বিশ্লেষণ এবং এইচইডি'র বিভাগীয় কার্যালয় থেকে প্রাপ্ত মাসিক অগ্রগতি প্রতিবেদন; এইচইডি'র বার্ষিক প্রতিবেদন | |

## সংযোজনী-৩: অন্য মন্ত্রণালয়/বিভাগ/দপ্তর/সংস্থার নিকট সুনির্দিষ্ট কর্মসম্পাদন চাহিদাসমূহ

| প্রতিষ্ঠানের নাম | সংশ্লিষ্ট কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | উক্ত প্রতিষ্ঠানের নিকট চাহিদা/প্রত্যাশা | চাহিদা/প্রত্যাশার যৌক্তিকতা | প্রত্যাশা পূরণ না হলে সম্ভাব্য প্রভাব |
|---|---|---|---|---|---|
| সিবিএইচসি | কমিউনিটি ক্লিনিক নির্মাণ | নির্মিত কমিউনিটি ক্লিনিক | সিবিএইচসি কর্তৃক কমিউনিটি ক্লিনিক নির্মাণের জমির তফসিল অনুমোদন | কমিউনিটি ক্লিনিক স্থাপনের লক্ষ্যে জমির তফসিল অনুমোদনের পর নির্মাণ কাজ বাস্তবায়নের কার্যক্রম গ্রহণ করা হয়। | লক্ষ্যমাত্রা অর্জন ব্যহত হবে। |